# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৫ / ২৬ সেপ্টেম্বর, ২০১৮

## প্রজ্ঞাপন নং-০৩/২০১৮

**দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)** এর নভেম্বর-ডিসেম্বর, ২০১৮ মাসে অনুষ্ঠিতব্য ৮৮তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি ও সময়সূচি সকলের অবগতির জন্য এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

০২। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে আইবিবি'র Web-site (www.ibb.org.bd) হতে JAIBB ও DAIBB পর্বের ফরম Download করে তা যথাযথভাবে স্বহস্তে পূরণ করে প্রয়োজনীয় ফি ও সত্যায়িত ২ কপি ছবিসহ **০৩ অক্টোবর, ২০১৮** তারিখের মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। উল্লেখ্য যে, কর্পোরেশনের নিম্নোক্ত কর্মচারীগণ ৮৭তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা (JAIBB ও DAIBB) ২০১৮ এ কৃতকার্য হয়েছেন :

**পরীক্ষার নামঃ JAIBB**

| ক্রম. | নাম, আইডি নং ও পদবী | বর্তমান কর্মস্থল | আইবিবি'র সদস্য নম্বর |
|---|---|---|---|
| ০১. | জনাব আব্দুল্লাহ আল মামুন<br>২০০৭০০১১<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার | আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড | ১২৭৪৯৮ |
| ০২. | জনাব মো. মারুফ বিল্লাহ<br>২০১১০০২৫<br>প্রিন্সিপাল অফিসার | ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্ট | ১৮০১২৮ |
| ০৩. | জনাব মো. সাইফুদ্দিন সজীব<br>২০১৫০০২০<br>প্রিন্সিপাল অফিসার | লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট | ২০৭২১৬ |
| ০৪. | জনাব সাইফুল্লাহ মুহাম্মদ<br>২০১৫০০৬২<br>সিনিয়র অফিসার | ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট | ১৫৮৮৫৭ |
| ০৫. | মিজ্ ফারজানা ইয়াসমীন<br>২০১৫০০৬৮<br>সিনিয়র অফিসার | লোন অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | ১৯৭৯৮৫ |

**পরীক্ষার নামঃ DAIBB**

| ক্রম. | নাম, আইডি নং ও পদবী | বর্তমান কর্মস্থল | আইবিবি'র সদস্য নম্বর |
|---|---|---|---|
| ০১. | মিজ্ নাসরিন সুলতানা<br>২০১১০০০৪<br>প্রিন্সিপাল অফিসার | পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | ১৬০৭৩৬ |
| ০২. | জনাব মীর আবু হাসান মুহাঃ জুন্নুন<br>২০১২০০১০<br>প্রিন্সিপাল অফিসার | আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড | ১৩৪০৭৮ |
| ০৩. | জনাব মো. শরিফুল ইসলাম<br>২০১৩০০০১<br>প্রোগ্রামার | খুলনা শাখা | ২১৬১০৩ |

০৪। ৮৭তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা (JAIBB ও DAIBB) ২০১৮ এ উত্তীর্ণ কর্মচারীগণকে কর্তৃপক্ষের পক্ষ থেকে অভিনন্দন জানানো হলো।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

**(নুরুজ্জামান খান)**
উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আই সিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ

ডিআর টাওয়ার (১৩ তলা)
৬৫/২/২বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড)
পুরানা পল্টন, ঢাকা- ১০০০, ফোন # ৫৫১১২৮৫৭ - ৬০

তারিখ ঃ ১৯ সেপ্টেম্বর , ২০১৮
সূত্র ঃ আইবিবি/পরীঃ/০৭/পরীঃ বিঃ/অঃ আঃ/২০১৮/

## পরীক্ষা বিজ্ঞপ্তি

### ৮৮তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, নভেঃ-ডিসেঃ ২০১৮

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)- এর ৮৮তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, আগামী **২৩, ৩০ নভেম্বর ও ০৭ ডিসেম্বর, ২০১৮** তারিখ থেকে ঢাকা মহানগরীসহ দেশের সুনির্দিষ্ট জেলা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

২। **আইবিবি'র সকল পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৮৮তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীরা আইবিবি Web-site (www.ibb.org.bd) থেকে JAIBB ও DAIBB পর্বের ফরম Download করে তা যথাযথভাবে স্বহস্তে পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।**

৩। JAIBB ও DAIBB পর্বের পুরাতন পরীক্ষার্থীরা অবশ্যই Enrolment No. লেখা বক্সে তাদের তালিকাভূক্তি নম্বর বসাবেন। JAIBB পর্বের নতুন পরীক্ষার্থীগণ আইবিবি Web-site থেকে JAIBB পর্বের ফরম Download করে যথাযথভাবে পূরণ করে পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন। সেক্ষেত্রে নতুন পরীক্ষার্থীগণ Enrolment No. লেখা বক্স খালি রাখবেন।

৪। JAIBB পর্বের পুরাতন ও নতুন পরীক্ষার্থীরা অবশ্যই ফরমের উপরে ডান পাশের বক্সে পুরাতন পরীক্ষার্থী হলে □ Old Examinee লেখা বক্সে 'টিক' দিবেন এবং নতুন পরীক্ষার্থী হলে □ New Examinee লেখা বক্সে 'টিক' দিবেন।

৫। **JAIBB ও DAIBB পরীক্ষায় বিলম্ব ফিসহ এন্ট্রি ফরম দাখিলের কোন সুযোগ নেই ।**

৬। **আইবিবি'র নিয়ম অনুযায়ী ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার্থীদেরকে একটি মাত্র তালিকাভুক্তি (enrolment) নম্বর এর মাধ্যমে JAIBB ও DAIBB পর্বের সকল পরীক্ষায় অংশগ্রহনের বিধান রয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে বহু সংখ্যক পরীক্ষার্থী পূর্বের তালিকাভুক্তি (enrolment) নম্বর থাকা সত্ত্বেও নতুনভাবে তালিকাভুক্ত হওয়ার আবেদন করে একাধিক তালিকাভুক্তি নম্বরে পরীক্ষায় অংশগ্রহন করেন । এতে করে পরীক্ষার ফলাফল প্রকাশে অহেতুক জটিলতার সৃষ্টি হয়। অতএব , পূর্বের তালিকভুক্তি (enrolment) নম্বর থাকা সত্ত্বেও নতুন enrolment এর ফর্ম জমা না দেয়ার জন্য পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক/পরামর্শ দেয়া যাচ্ছে। যদি কোন প্রার্থীর নিকট তার তালিকভুক্তি (enrolment) নম্বর সংরক্ষিত না থাকে সেক্ষেত্রে, আইবিবিতে টেলিফোনে অথবা Email- এর মাধ্যমে তালিকভুক্তি (enrolment) নম্বর সংগ্রহ করা যাবে। কোন অবস্থাতে পুরাতন তালিকভুক্তি (enrolment) নম্বর থাকা সত্বেও নতুন ভাবে ফরম জমা দেওয়া যাবেনা।**

৭। JAIBB ও DAIBB পর্বের পরীক্ষার্থীগণ তাঁদের ফরম নিজ নিজ ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখা এর মাধ্যমে পাঠাতে হবে। ***কোন অবস্থাতেই ব্যক্তিগতভাবে ফরম গ্রহণ করা হবে না।*** কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখা JAIBB ও DAIBB পর্বের ফরমগুলো একত্রে করে JAIBB পর্বের জন্য ১টি ডিডি/পে অর্ডার এবং DAIBB পর্বের জন্য ১টি ডিডি/পে অর্ডার প্রস্তুত করে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে আইবিবি মহাসচিব বরাবরে প্রেরণ করবেন।

(চলতি পাতা # ২)

০৮। কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখায় প্রয়োজনীয় ফিসহ **এন্ট্রি ফরম জমা দেয়ার শেষ তারিখ** ০৩-১০-২০১৮। কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখার প্রধানগণ এন্ট্রি ফরম খাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত ফি-এর টাকার উপর পৃথক পৃথকভাবে JAIBB (নতুন ও পুরাতন উভয়)-এর জন্য একটি বিবরণী এবং DAIBB -এর জন্য অপর একটি বিবরণী প্রস্তুত করতঃ উক্ত বিবরণীদ্বয়ের ভিত্তিতে **০৭-১০-২০১৮** তারিখের মধ্যে JAIBB ও DAIBB এর জন্য পৃথক পৃথক ২টি ডি.ডি./ পে-অর্ডার **( শুধুমাত্র ঢাকা সিটি এর ক্ষেত্রে পে-অর্ডার ইস্যু করা যাবে )** 'দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)'- এর অনুকূলে ইস্যু করে বাহক মারফত/গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট (জিইপি) যোগে ডি.ডি. / পে-অর্ডার সমেত এন্ট্রি ফরমগুলো ইনস্টিটিউটে প্রেরণের ব্যবস্থা করবেন।

**০৯। কোন অবস্থাতেই ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার এন্ট্রি ফরমের সাথে সাময়িক সনদ পত্রের আবেদন জমা দেয়া যাবে না। সাময়িক সনদ পত্রের আবেদনের খামের উপর "সাময়িক সনদ পত্র" লিখতে হবে।**

১০। বিশেষভাবে উল্লেখ্য, **০৭-১০-২০১৮** তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক সমূহ কর্তৃক অবশ্যই ফরম সমূহ **আই বি বি** তে প্রেরণ করতে হবে।

**১১। ৮৭তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় JAIBB ও DAIBB পর্বের যে সমস্ত পরীক্ষার্থী তাদের অনুত্তীর্ণ বিষয়ে স্ক্রুটিনি করতে ইচ্ছুক তারা আগামী ২৫-০৯-২০১৮ তারিখের মধ্যে তাদের আবেদন আইবিবি অফিসে পৌছিয়ে দিতে হবে। উক্ত তারিখের পর স্ক্রুটিনির কোন আবেদন গ্রহণ করা হবে না।**

## পরীক্ষা সংক্রান্ত ফি সমূহ

১২। ৮৮তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার জন্য নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক পরীক্ষা ফি প্রদান করতে হবে ঃ

(ক) JAIBB এবং DAIBB নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য এককালীন ফ্ল্যাট রেইট নির্ধারিত ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত টাকা) জমা দিতে হবে।

১৩। পরীক্ষা সংক্রান্ত কার্যকর ফি/মূল্য সমূহ ; সিলেবাস ১০০/- , এক পরীক্ষার মার্কশীট ২০০/- , একাডেমিক ট্রান্সক্রীপ্ট ৫০০/- , সাময়িক সনদপত্র ২০০/-, মূল সনদপত্র ৫০০/- (সাময়িক সনদপত্র উত্তোলন না করে মূল সনদপত্র উত্তোলন করা যাবে না) , স্ক্রুটিনি ফি প্রতি বিষয়ের জন্য ৩০০/-, পুরানো তথ্য সরবরাহ ফি ৫০০/- , ডুপ্লিকেট সাময়িক সনদ ৫০০/- ( ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করতে হবে)।

১৪। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য কেন্দ্রের পরীক্ষার্থীদেরকে তাঁদের সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্য-সচিব (বাংলাদেশ ব্যাংক-এর স্থানীয় কার্যালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা/সোনালী ব্যাংক লিঃ-এর স্থানীয় কার্যালয় প্রধান কর্তৃক মনোনীত কর্মকর্তা)- এর নিকট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৫। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীদের প্রবেশপত্র তাঁদের সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের ঠিকানায় প্রেরণ করা হবে।

১৬। পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও সিলেবাস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত "Regulations and Syllabus for Banking Diploma Examinations, JAIBB and DAIBB " শীর্ষক পুস্তিকায় বর্ণিত আছে।

(মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী)
মহাসচিব

*F:\MEER\Exam. Deptt\Exam Notice\Examination Advertisment\88th Nov-Dec 2018.doc*

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ

## ঢাকা

### ৮৮তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, নভেম্বর-ডিসেম্বর ২০১৮

সময়-সূচি

| তারিখ | সময় | বিষয়সমূহ | |
|---|---|---|---|
| ২৩-১১-২০১৮ শুক্রবার | সকাল ৯ : ০০ থেকে বেলা ১২ : ০০ | বিজনেস কমিউনিকেশন (বিসি) | জেএআইবিবি |
| | | ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড ফরেন এক্সচেঞ্জ (এফই) | ডিএআইবিবি |
| | দুপুর ২ : ০০ থেকে বিকেল ৫ : ০০ | মার্কেটিং অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) | জেএআইবিবি |
| | | ম্যানেজমেন্ট অব ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনস (এমএফআই) | ডিএআইবিবি |
| ৩০-১১-২০১৮ শুক্রবার | সকাল ৯ : ০০ থেকে বেলা ১২ : ০০ | একাউন্টিং ফর ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এএফএস) | জেএআইবিবি |
| | সকাল ৯ : ০০ থেকে বেলা ১২ : ৩০ | ম্যানেজমেন্ট একাউন্টিং (এমএ) | ডিএআইবিবি |
| | দুপুর ২ : ০০ থেকে বিকেল ৫ : ০০ | প্রিন্সিপলস্ অব ইকোনমিক্স এন্ড বাংলাদেশ ইকোনমি (পিবিই) | জেএআইবিবি |
| | | ইনফরমেশন টেকনোলজি ইন ফিন্যান্সিয়াল সার্ভিসেস (আইটি) | ডিএআইবিবি |
| ০৭-১২-২০১৮ শুক্রবার | সকাল ৯ : ০০ থেকে বেলা ১২ : ০০ | অরগানাইজেশন এন্ড ম্যানেজমেন্ট (ওএম) | জেএআইবিবি |
| | | লেন্ডিং অপারেশন এন্ড রিস্ক ম্যানেজমেন্ট (এলআরএম) | ডিএআইবিবি |
| | দুপুর ২ : ০০ থেকে বিকেল ৫ : ০০ | ল'জ এন্ড প্র্যাকটিস অব ব্যাংকিং (এলপিবি) | জেএআইবিবি |
| | | সেন্ট্রাল ব্যাংকিং এন্ড মনিটারী পলিসি (সিএমপি)<br>অথবা | ডিএআইবিবি |
| | | এগ্রিকালচার এন্ড মাইক্রোফিন্যান্স (এএম)<br>অথবা | ডিএআইবিবি |
| | | এসএমই এন্ড কনজুমার ব্যাংকিং (এসএমই)<br>অথবা | ডিএআইবিবি |
| | | ইসলামিক ব্যাংকিং (আইএস.বি)<br>অথবা | ডিএআইবিবি |
| | | ইনভেস্টমেন্ট ব্যাংকিং এন্ড লিজ ফিন্যান্সিং (আইএলএফ)<br>অথবা | ডিএআইবিবি |
| | | ট্রেজারী ম্যানেজমেন্ট (টিএম) | ডিএআইবিবি |

(মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী)
মহাসচিব